

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬১১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - হাওযে কাওসার ও শাফাআতের বর্ণনা

ٱلْفَصِيْلُ الثَّالِثُ (بَابِ الْحَوْضِ والشَّفاعة)

আরবী

مَوْضُوع وَعَن عُثْمَان بن عَفَّان قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يُشَفَّعُ يَوْمَ الْقِيَامَةِ ثَلَاثَةٌ: الْأَنْبِيَاءُ ثُمَّ الْعلمَاء ثمَّ الشُّهَدَاء . رَوَاهُ ابْن مَاجَه

اسناده موضوع ، رواه ابن ماجم (4313) * عنبسة بن عبد الرحمن كان " يضع الحديث " كما قال ابو حاتم و ابن معين رحمهما الله و علاق : مجهول و السند ضعفه العراقي و البوصيري -

(ضَعِيف)

বাংলা

৫৬১১-[৪৬] 'উসমান ইবনে আফফান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ বলেছেন: কিয়ামতের দিন তিন ধরনের লোক সুপারিশ করবেন- নবীগণ, 'আলিমগণ ও শহীদগণ। (ইবনে মাজাহ)

ফুটনোট

মাওযু: ইবনু মাজাহ ৪৩১৩, 'আনাবাসাহ ইবনু 'আবদুর রহমান ইবনু 'আনবাসাহ আল কুরাশী হাদীস তৈরি করত; যঈফাহ ১৯৭৮, য'ঈফুল জামি' ৬৪২৮, হিদায়াতু রুওয়াত ৫/১৯৯ পূ.।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নবী, 'আলিম ও শাহীদগণ কিয়ামতের দিন সুপারিশ করবে। কেননা এ তিন শ্রেণির সম্মান ও মর্যাদা সর্বাধিক। তাই তাদের কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। কিন্তু অন্যান্য মুমিন ও সৎ ব্যক্তিরাও সীমিত পর্যায়ে



সুপারিশ করবেন, যা মশহুর হাদীস দ্বারা প্রমাণিত। মুসলিমদের মাঝে খারিজী ও মু'তাযিলা সম্প্রদায় ব্যতীত আর কেউ শাফা'আতকে অস্বীকার করে না। (ফাতহুল বারী হা. ৬৫৭৭)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন